

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

বিজ্ঞপ্তি

স্মারক নং: উবি-০৬/২০০৭-১৬০৯২

তারিখ: ১০ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ
২৭ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়: ৯ম শ্রেণিতে উত্তীর্ণ শিক্ষার্থীদের বিভাগ, শাখা বন্টন ও বেতন বই প্রদান প্রসঙ্গে।

২০২১ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে উত্তীর্ণ শিক্ষার্থী, সম্মানিত অভিভাবক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদেরকে জানানো যাচ্ছে যে, আগামী ১১ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ সোমবার শিক্ষার্থীদের ৯ম শ্রেণির প্রাপ্ত বিভাগ, শাখা, রোল নম্বর ও শ্রেণিশিক্ষকের নাম জানিয়ে দেয়া হবে। একই সাথে তাদের ২০২০ শিক্ষাবর্ষের পরিশোধিত বেতন বই জমা নেয়া হবে এবং ২০২১ শিক্ষাবর্ষের বেতন বই প্রদান করা হবে। সংশ্লিষ্ট অভিভাবকগণকে তাদের সন্তানদের ভর্তি প্রক্রিয়া নতুন বেতন বই প্রাপ্তি সাপেক্ষে (সেশন ফি ৫০০০/- পরিশোধ করে) আগামী ১৪/০১/২০২১ খ্রিস্টাব্দ বৃহস্পতিবারের মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। এখানে উল্লেখ্য যে, পাঠ্যবই বিতরণের সময়সূচি পরবর্তীতে জানানো হবে।

কেবলমাত্র সম্মানিত অভিভাবকগণ স্বাস্থ্যবিধি মেনে আগামী ১১ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ সোমবার বিদ্যালয় প্রাঙ্গনে ২০২০ শিক্ষাবর্ষের ৮ম শ্রেণির শ্রেণিশিক্ষকগণের কাছ থেকে সকাল ১০:০০ টা থেকে দুপুর ১২:০০ টা পর্যন্ত নিজ নিজ সন্তানের বেতন বই ও অন্যান্য তথ্যাবলী সংগ্রহ করবেন।

স্বাক্ষরিত/

জহুরা বেগম

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

স্মারক নং: উবি-০৬/২০০৭-১৬০৯২

তারিখ: ১০ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ
২৭ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:-

১. ২০২০ শিক্ষাবর্ষের ৮ম শ্রেণির শ্রেণিশিক্ষকবৃন্দ
২. সমন্বয়কারীবৃন্দ
৩. অফিস কপি (প্রশাসন)
৪. নোটিস বোর্ড
৫. ওয়েবসাইট (www.udayan.edu.bd)